জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৫৬৭ তারিখ ঃ ২৮/০২/২০২০ ইং

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ০২/০৩/২০২০ ইং তারিখ রোজঃ সোমবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। জয়পুরহাট পৌরসভায় অনুষ্ঠিতব্য ৮ মার্চ/২০২০ তারিখে বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।
৩। পৌর এলাকার অসহায় দুস্থ নারীদের ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।
৪। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা।
৫। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.........................................................

.........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ০২/০৩/২০২০ ইং
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহসান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সিদ্ধান্ত ঃ সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচ্য বিষয় ঃ জয়পুরহাট পৌরসভায় অনুষ্ঠিতব্য ৮ মার্চ/২০২০ তারিখে বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, আগামী ৮ই মার্চ/২০২০ বিশ্ব নারী দিবস সফল ভাবে উদ্‌যাপনের লক্ষ্যে আমাদের প্রস্তুতি গ্রহন প্রয়োজন। বিশ্ব নারী দিবস যথাযথ ভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প অফিস থেকে প্রেরীত দিক নির্দেশনা মুলক চিঠিটি কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সকলের অবগতির জন্য পাঠ করে শোনান। প্রেরীত চিঠির নির্দেশনা অনুযায়ী বিশ্ব নারী দিবস সফল ভাবে বাস্তবায়নের জন্য পৌর পরিষদের নেতৃত্বে বিভিন্ন কার্যক্রম ও বিভিন্ন পদক্ষেপ সমুহ সম্মানিত কাউন্সিলর বৃন্দ, পৌর কর্মকর্তা কর্মচারী ও সংশিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি বর্গের মাঝে ভাগ করে দেওয়া হয়েছে যাতে সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের মাধ্যমে ৮ মার্চ ২০২০ বিশ্ব নারী দিবস জয়পুরহাট পৌরসভায় সফল ভাবে উদযাপিত হয়। বিষয়টির উপর সভায় সকলে বিস্তারিত আলোচনা করেন এবং নিম্ন লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ

(ক) প্রকল্প অফিসের নির্দেশনা মোতাবেক স্ব স্ব ওয়ার্ড কাউন্সিলর বিশেষ করে মহিলা কাউন্সিলর মহোদয়ের তত্ত্বাবধানে প্রতিটি ওয়ার্ড থেকে ৩০ জন (অধিকাংশ নারী ) অংশগ্রহণকারীগনকে ৮ মার্চ/২০২০ তারিখে র‍্যালীতে অংশগ্রহনের বিষয়ে নিশ্চিত করা ।

(খ) সকল ওয়ার্ড থেকে আগত ক্ষুদ্র ক্ষুদ্র র‍্যালী পৌর চত্তরে জমায়েত হয়ে ব্যানার পোষ্টার ফেস্টুন বহনের মাধ্যমে এক বিশাল বর্ণাঢ্য র‍্যালী পৌরসভার প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) সড়ক প্রদক্ষিন শেষে বিশাল র‍্যালী পৌর চত্তরে সমবেত হয়ে সম্মানিত মেয়র মহোদয়ের সভাপতিত্বে নারী অধিকার বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) আলোচনা সভা শেষে সকল অংশগ্রহণকারীগণের মাঝে নাস্তার প্যাকেট বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

৩নং আলোচ্য বিষয় ঃ পৌর এলাকার অসহায় দুস্থ নারীদের ঔষধ সহায়তা প্রদান বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভা হতে প্রতিনিয়ত অসহায় দুস্থ নারীদের মাঝে ঔষধ সহায়তা প্রদান করা হয়। মেয়র মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে ঔষধ প্রাপ্তির ক্ষেত্রে যারা সরকারী হাসপাতালে ডাক্তার দেখাইয়ে ব্যবস্থাপত্র নিয়ে আসেন, তাদের ব্যবস্থাপত্র দেখে ঔষধ ক্রয় করে দেওয়া হয়। এছাড়া বিশেষ ক্ষেত্রে দুস্থ নারীদের জরুরী বা উন্নত চিকিৎসার প্রয়োজন হলে, পৌরসভা হতে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়। বিষয়টি নিয়ে উপস্থিত সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা কালে কমিটির সদস্য জনাব মিসেস রোজী বেগম বলেন, প্রতি কোয়াটারে যেসব দুস্থ নারীদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তাদের মাষ্টার রোল প্রস্তুত করে পরবর্তী কোয়াটারের ১ম মাসের কমিটির সভায় উপস্থাপন করণের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ প্রতি কোয়ার্টারে কতজন নারীদের ঔষধ সহায়তা দেওয়া হচ্ছে তার তালিকা তৈরী করে এ কমিটি সভায় উপস্থাপন করা এবং তালিকা প্রকল্প অফিসে প্রেরণ করা।

আলোচ্য সূচী-৪। GAP বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি বিষয়ে আলোচনা এবং অগ্রগতির প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে আলোচনা ঃ

আলোচনাঃ- কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা মোঃ হাসানুজ্জামান সভায় বলেন, প্রকল্পের নির্দেশনা মোতাবেক GAP বাস্তবায়ন করে পৌর এলাকার নারীদের কর্মসংস্থানের পথ সৃষ্টি করা এবং নারী বান্ধব অবকাঠামো নির্মাণ সহ নারীদের সামাজের সকল কাজে অন্তর্ভূক্ত করা। আলোচনা কালে কমিটির সভাপতি মহোদয় জানান যে, স্থায়ী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে GAP বাস্তবায়নের লক্ষ্যে নারীদের কম্পিউটার প্রশিক্ষণ দেওয়া শুরু হচ্ছে। তাছাড়া দরিদ্র মহিলাদের চিকিৎসা সহায়তা, নগদ আর্থিক সহায়তা সহ দরিদ্র ছাত্রীদের লেখাপড়ার জন্য বই বিতরণ করা হচ্ছে এবং পৌরসভা কর্তৃক গঠিত বিভিন্ন কমিটিতে সমাজের বিভিন্ন শ্রেণীর নারীদের অন্তর্ভূক্ত করা হয়েছে। ভবিষ্যতে পৌর এলাকার নারীদের উন্নয়নে আরো কার্যকর ব্যবস্থা গ্রহন করা হবে। বিষয়টি নিয়ে সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ GAP বাস্তবায়নের লক্ষ্যে পৌরসভা কর্তৃক ব্যয়কৃত টাকা প্রকল্পের নির্ধারিত ফরমে যথাযথভাবে পূরণ করে (জুলাই-সেপ্টেম্বর) কোয়াটারের প্রতিবেদন প্রকল্প অফিসে যথা সময়ে প্রেরণ সিদ্ধান্ত গ্রহণ কর হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকোঃ/ ২০১৯-২০২০/ ৬২২

তারিখ ঃ ০২/০৩/২০২০ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ০২/০৩/২০২০ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | [signature] |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | [signature] |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | [signature] |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | [signature] |